# সারভাইভার অ্যালায়েন্স ওয়ার্ল্ড কংগ্রেস:
# দ্য পাওয়ার অফ দ্য কালেকটিভ

**1-4 অক্টোবর 2024, নাইরোবি - কেনিয়া**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## I. ইভেন্ট সম্পর্কে সাধারণ তথ্য

### ওয়ার্ল্ড কংগ্রেস কী?

ওয়ার্ল্ড কংগ্রেস একটি ত্রি-বার্ষিক, সারভাইভার-নেতৃত্বাধীন, আন্দোলন-গঠনকারী ইভেন্ট যা সারভাইভার লিডারশিপের অগ্রগতির জন্য সারভাইভার অ্যালায়েন্স কমিউনিটিকে একত্রিত করে। সারভাইভার এবং জোটসঙ্গীদের জন্য সমান্তরাল, কিন্তু মূলত পৃথক ধরনের প্রোগ্রাম রয়েছে, যা ওয়ার্ল্ড কংগ্রেসের একটি পরস্পর মতামত শেয়ার করার মতো এবং সহযোগিতামূলক চূড়ান্ত দিনে সমাপ্ত হয়। সারভাইভার এবং জোটসঙ্গীরা অনেক সময় একসাথে বসে খাবার খান এবং আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিকভাবে মেলামেশা করার জন্য অতিরিক্ত সুযোগ পাবেন।

ওয়ার্ল্ড কংগ্রেস হল এমন একটি একমাত্র ইভেন্ট যা সারভাইভার-নেতৃত্বাধীন এবং এই ধরনের বিষয়বস্তুর উপর মনোনিবেশ করে, যা মানব পাচার থেকে রক্ষা পাওয়া 100 টিরও বেশি প্রাপ্তবয়স্কদের একটি বহু-জাতীয় গ্রুপকে একত্রিত করে। এটি পাচার বিরোধী সেক্টরের একমাত্র ইভেন্টও বটে যেখানে সারভাইভাররা হলেন জোটসঙ্গীদের জন্য এজেন্ডার প্রাথমিক কিউরেটর।

আপনি আমাদের প্রথম ওয়ার্ল্ড কংগ্রেস (2021)-এর রিপোর্ট এখানে পড়তে পারেন।

## আমরা কেন ওয়ার্ল্ড কংগ্রেস আয়োজন করছি?

সারভাইভার অ্যালায়েন্সের সহ-প্রতিষ্ঠাতারা হলেন এমন সারভাইভার লিডার যারা সারভাইভার লিডারশিপ শব্দটি সাধারণভাবে বহুচর্চিত হওয়ার আগে তারা পাচারবিরোধী কনফারেন্সগুলিতে উপস্থিত হয়েছেন এবং অংশগ্রহণ করেছেন। সেই কনফারেন্সগুলি প্রাথমিকভাবে NGO এবং সরকারী এজেন্সিগুলির পূর্ণ-সময়ের কর্মীদের জন্য পরিকল্পিত হয়েছিল, আমাদের মধ্যে যারা স্ব-নিযুক্ত পরামর্শদাতা বা সারভাইভার, এটি ঠিক তাদের জন্য ছিল না। এমনকি যদি সারভাইভারদের ইভেন্টগুলিতে আমন্ত্রণ জানানো হয় তাহলেও কর্মসূচীটির বিষয়বস্তু কখনও সারভাইভার লিডারশিপের সক্ষমতা গড়ে তুলতে এবং/অথবা সারভাইভার লিডারদেরকে পাচার-বিরোধী সেক্টরে সংহত করার দিকে মনোনিবেশ করার সম্ভাবনা কম থাকত বলে মনে হয়েছিল। ওয়ার্ল্ড কংগ্রেস শুরু হওয়ার আরেকটি কারণ হল প্রতিষ্ঠাতারা যৌন পাচার এবং শ্রম পাচারের সারভাইভার এবং দেশীয় নাগরিক সারভাইভার এবং বিদেশী নাগরিক সারভাইভার ব্যক্তিদের মধ্যে ক্রমবর্ধমান বিভাজন দেখতে পাচ্ছিলেন।

আমরা এটিকে পদ্ধতিগত নিপীড়নের একটি সাধারণ অংশ - "সংহতি গড়ে তুললে যারা শক্তিশালী হয়ে উঠবে তাদের বিভক্ত রাখুন এবং জয় করুন" -এর অংশ হিসাবে দেখেছি। সারভাইভার অ্যালায়েন্স, ওয়ার্ল্ড কংগ্রেসের মাধ্যমে, এমন একটি কমিউনিটি তৈরি করতে চেয়েছিল যেখানে আমরা সকলে শুধু একমত হবো না, উপরন্তু আমরা একসাথে আমাদের একই লক্ষ্যগুলি অর্জনের জন্য সহযোগিতামূলক হওয়ার দিশায় কাজ করি। আপনি যদি মানুষকে ঐক্যবদ্ধ করেন এবং কমিউনিটি তৈরি করেন তাহলেই আপনি মানুষকে মানবিক হতে সাহায্য করা শুরু করবেন এবং তখনই আপনি বুঝতে পারবেন যে আমাদের একই রকম লক্ষ্য এবং উদ্দেশ্য আছে এবং মুক্তির জন্য একই রকম আকাঙ্ক্ষা রয়েছে।

## এটি কোথায় এবং কখন হবে?

এই ওয়ার্ল্ড কংগ্রেস কেনিয়ার নাইরোবিতে 2024 সালের 1লা অক্টোবর থেকে 4ঠা অক্টোবর অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীরা 30 সেপ্টেম্বর পৌঁছাবেন যাতে তারা যাত্রা থেকে বিশ্রামের জন্য একটি দিন পান। ফিরবার ফ্লাইট 5 অক্টোবর 2024 তারিখে থাকবে।

যে জায়গাতে কংগ্রেস অনুষ্ঠিত হবে, অংশগ্রহণকারীরা সেখানেই থাকবেন।

## ওয়ার্ল্ড কংগ্রেসে অংশগ্রহণ করার জন্য আমাকে কি টাকা দিতে হবে?

না। সারভাইভার অ্যালায়েন্স আপনার যাতায়াত এবং অংশগ্রহণ সম্পর্কিত খরচগুলি বহন করবে। এর মধ্যে রয়েছে আপনার কনফারেন্স রেট, ফ্লাইটের ভাড়া, কেনিয়াতে হোটেল থেকে এবং হোটেল পর্যন্ত স্থল পরিবহন, থাকা, ইভেন্টের দিনগুলিতে খাবার খাওয়া (জলখাবার, দুপুরের খাবার, বিকেলের নাস্তা ও রাতের খাবার), কেনিয়া ইলেকট্রনিক ট্রাভেল অথরাইজেশন (ভিসার অনুরূপ) এবং ট্রাভেল ইন্সুরেন্স।

## ওয়ার্ল্ড কংগ্রেসের নামকরণ: "দ্য পাওয়ার অফ দ্য কালেকটিভ" এর অনুপ্রেরণা কী?

দ্য পাওয়ার অফ দ্য কালেকটিভ আমাদের ওয়ার্ল্ড কংগ্রেসের থিম এবং অনুপ্রেরণা উভয় হিসাবেই কাজ করে। আমরা এই সমাবেশকে সকল অংশগ্রহণকারীদের জন্য দ্য পাওয়ার অফ দ্য কালেকটিভ এর অভিজ্ঞতা অর্জন এবং কাজে লাগানোর একটি সুযোগ হিসাবে দেখি। আমরা দৃঢ়ভাবে সেই রূপান্তরকারী এবং নিরাময়কারী শক্তিতে বিশ্বাস করি যা মানুষ যখন তাদের ধারণা, স্বপ্ন এবং জ্ঞান শেয়ার করে নেওয়ার জন্য একত্রিত হন, তখন উদ্ভূত হয়।

## ওয়ার্ল্ড কংগ্রেসে কোন ভাষাগুলো অন্তর্ভুক্ত থাকবে?

যদিও ওয়ার্ল্ড কংগ্রেসের বেশিরভাগ বক্তব্য ইংরেজিতে থাকবে, আমরা ওয়ার্ল্ড কংগ্রেসের কার্যক্রমের জন্য পর্তুগিজ, বাংলা, হিন্দি এবং স্প্যানিশ ভাষায় তাৎক্ষণিক অনুবাদের সুবিধা প্রদান করব।

আমরা একটি "ভাষা সংহতি" প্রক্রিয়া গঠন করব, যাতে বিভিন্ন ভাষায় কথা বলা সদস্যরাও কংগ্রেসের "অনানুষ্ঠানিক" মুহূর্তগুলির জন্য একে অপরকে সহায়তা করতে পারেন।

এই ভাষাগুলিতে প্রাথমিকভাবে কথা বলেন না এমন সদস্যদেরকেও আমরা আবেদন করতে উৎসাহিত করছি, যদি তারা মনে করেন যে তারা এই ভাষাগুলি কথাবার্তা বলতে এবং বুঝতে পারেন।

## II. আবেদন করার প্রক্রিয়া

### ওয়ার্ল্ড কংগ্রেসে অংশগ্রহণের জন্য কারা আবেদন করতে পারবেন?

আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই সারভাইভার অ্যালায়েন্সের সদস্য হতে হবে, যার জন্য তাদের জাতিসংঘের মান অনুসারে দাসত্ব বা মানব পাচারের নিম্নলিখিত ধরনের ব্যক্তিগত অভিজ্ঞতা হয়ে থাকতে হবে:

*দাসত্ব: "দাসত্ব হচ্ছে সেই ব্যক্তির মর্যাদা বা অবস্থা যার উপর মালিকানার অধিকারের সাথে সংযুক্ত যেকোনও বা সকল ক্ষমতা প্রয়োগ করা হয়।"*

*মানব পাচার: "'মানব পাচার' এর অর্থ হল হুমকি বা বলপ্রয়োগ বা অন্য কোনও প্রকারে জুলুম, অপহরণ, প্রতারণা, ছলচাতুরি, ক্ষমতার অপব্যবহার বা অবস্থানগত দুর্বলতাকে কাজে লাগিয়ে অথবা শোষণের উদ্দেশ্যে অন্য কোনও ব্যক্তির উপর নিয়ন্ত্রণকারী ব্যক্তির সম্মতি অর্জনের জন্য অর্থ প্রদান বা সুবিধা প্রদান বা গ্রহণের মাধ্যমে মানুষকে নিয়োগ, পরিবহন, হস্তান্তর, আশ্রয় দেওয়া বা তাকে গ্রহণ করা। শোষণের মধ্যে কমপক্ষে অন্যের পতিতাবৃত্তি বা অন্য ধরনের যৌন শোষণ, জোরপূর্বক শ্রম বা সেবা গ্রহণ, দাসত্ব বা দাসত্বের সমতূল্য পেশা পরিচালনা, অঙ্গ অপসারণ বা অঙ্গের বশ্যতা মেনে নেওয়ার মতো কার্যকলাপ অন্তর্ভুক্ত থাকবে।"*

আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে এবং একটি ইমেইল ঠিকানায় অ্যাক্সেস থাকতে হবে।

### ওয়ার্ল্ড কংগ্রেসে অংশগ্রহণের জন্য আমাকে কী করতে হবে?

আপনাকে অবশ্যই ইংরেজি, বাংলা, হিন্দি, পর্তুগিজ বা স্প্যানিশ ভাষায় আবেদনপত্র পূরণ করতে হবে। লিংকটি হল: https://www.surveymonkey.com/r/JWXN67H?lang=bn

### আবেদনপত্রটি পূরণ করা আমার পক্ষে কঠিন, আমি কি কোনও সহায়তা পেতে পারি?

অবশ্যই! আমরা সাহায্য করতে পেলে খুশি হব। আপনি এই বিষয়ে worldcongress@survivoralliance.org এ লিখতে পারেন এবং আমরা

আবেদনপত্র পূরণ করতে আপনাকে সহায়তা করতে পারি। আমরা একটি অডিও আবেদন জমা দেওয়া থেকে শুরু করে আপনার সাথে আবেদনপত্রটি পূরণ করার জন্য সমকক্ষদের সহায়তা পাবার জন্য সমন্বয় করা পর্যন্ত বিভিন্ন বিকল্পগুলি অনুসন্ধান করে দেখতে পারি। আমরা আপনার জন্য সবচেয়ে ভালো কাজে দেয় এমন অন্যান্য উপায়গুলি অনুসন্ধান করার বিষয়েও মন খোলা রেখেছি!

## যদি আমি আবেদনপত্রটি পূরণ করি, তার মানে কি আমি ওয়ার্ল্ড কংগ্রেসে যোগ দেব?

দুঃখের সাথে বলতে হচ্ছে যে এর অর্থ তা নয়। যদিও আমরা আমাদের সাথে যোগ দিতে চান এমন সমস্ত সদস্যকে শুভেচ্ছা জানাই, আমাদের কেবল 100 জন সারভাইভার লিডারদের গ্রহণের মতো সক্ষমতা রয়েছে। আবেদন প্রক্রিয়া শেষ হওয়ার পরে আমরা নির্বাচন করব।

## ওয়ার্ল্ড কংগ্রেসে যোগদানের জন্য কতজন সারভাইভার লিডার নির্বাচিত হবেন?

মোট 100 জন সারভাইভার লিডার ওয়ার্ল্ড কংগ্রেসে অংশগ্রহণ করবেন। কিছু সারভাইভার লিডারকে সরাসরি আমন্ত্রণ জানানো হবে কারণ তারা অনুষ্ঠানের সময় উপস্থাপন করার মতো কিছু প্রক্রিয়ায় জড়িত রয়েছেন, বা কারণ তারা পরিকল্পনা সমিতির 15 জন্য সদস্যের মধ্যে একজন।

- **সারভাইভার অ্যালায়েন্স কীভাবে সিদ্ধান্ত নেবে যে কাকে চয়ন করা হবে?**

এই প্রশ্নের উত্তর দেওয়া বেশ কঠিন! চয়ন করার প্রক্রিয়াটি সারভাইভার অ্যালায়েন্স টিম এবং ওয়ার্ল্ড কংগ্রেস পরিকল্পনা সমিতির নেতৃত্বে করা হবে।

আমাদের প্রতিটি সদস্য নির্বাচনের জন্য আমাদের প্রধান মানদণ্ডগুলি পুরোপুরি "মানানসই" হতে হবে: একজন সারভাইভার লিডার হবার দরুন যিনি অন্যদের সাথে সংযোগ স্থাপন করতে চান, তাকে এই অর্থবহ সুযোগে অন্যের সাথে শিখতে, শেয়ার করে নিতে এবং জড়িত থাকতে হবে। অবশ্য, আমাদের তারপরেও একটি চয়ন করার প্রক্রিয়া নিতে হবে যেহেতু আমাদের সক্ষমতা আমাদের সবাইকে আমন্ত্রণ জানানোর সুযোগ দেয় না।

আমাদের প্রধান মানদণ্ড লিডারদের একটি বৈচিত্র্যময় গ্রুপকে একত্রিত করার উপর মনোবিশ করবে, যা আমাদের সম্প্রদায়ের সমৃদ্ধ বৈচিত্র্যকে প্রতিফলিত করে যার মধ্যে বিভিন্ন দেশ থেকে আগত অংশগ্রহণকারী থাকেন, যাদের বিভিন্ন আত্মপরিচয় এবং পাচার-বিরোধী এবং দাসত্ব বিরোধী সেক্টরে বিভিন্ন অভিজ্ঞতা রয়েছে।

- **কেন আমাকে ওয়ার্ল্ড কংগ্রেসে যোগ দেওয়ার জন্য চয়ন করা হল না?**

যাদের আমরা চয়ন করতে পারছি না তাদের কাছে আগাম ক্ষমা চেয়ে নিচ্ছি। অনুগ্রহ করে জেনে থাকুন যে আমরা চাইছিলাম যেন আপনি সেখানে আসুন, এবং আমরা আশা করি যে আপনি আমাদের সাথে যোগাযোগ বজায় রাখতে এবং আমাদের অনলাইন ক্রিয়াকলাপগুলিতে অংশগ্রহণ করতে আগ্রহী।

যেমনটি আমরা উল্লেখ করেছি, সমস্ত সারভাইভার অ্যালায়েন্স সদস্যরা ওয়ার্ল্ড কংগ্রেসে অংশগ্রহণের জন্য "নিখুঁত ভাবে মানানসই"। দুঃখের সাথে বলতে হচ্ছে যে আমরা সবাইকে অন্তর্ভুক্ত করতে পারছি না। আমাদের চয়নটি আমাদের কাছে প্রাপ্ত আবেদনপত্রগুলি থেকে সম্ভাব্য সর্বাধিক বৈচিত্র্যময় গোষ্ঠী তৈরির উপর ভিত্তি করে তৈরি হবে। আমরা কিছুতেই আপনাদের সবাইকে আনতে পারছি না, এবং প্রাপ্ত বিভিন্ন আবেদনপত্র অনুসারে আমরা এমন সর্বাধিক বৈচিত্র্যময় গোষ্ঠীর উপর ভিত্তি করে চয়নটি করব যা আমাদের পক্ষে করা সম্ভব।

**আমি কখন জানতে পারবো যে আমাকে চয়ন করা হয়েছে কিনা?**

আমরা 14 এপ্রিল আবেদন করার জন্য আহ্বান বন্ধ করার পরে, আমরা ওয়ার্ল্ড কংগ্রেস পরিকল্পনা সমিতির সহযোগিতায় সমস্ত আবেদনকারীদের পর্যালোচনা এবং চয়ন করব। আবেদনকারীদের তাদের আবেদনের স্থিতি মে মাসে জানানো হবে। এই ধরনের একটি জটিল প্রক্রিয়া সম্পন্ন করার সময় আমরা ধৈর্য রাখার অনুরোধ করি!

**ওয়ার্ল্ড কংগ্রেসে যোগ দেওয়ার জন্য আমার কি কোনও উপস্থাপনা বা কর্মশালার সুবিধার্থে কাজ করা দরকার?**

না। আপনার কাছে একটি কার্যকলাপের জন্য একটি প্রস্তাব জমা দেওয়ার বিকল্প রয়েছে (অনুগ্রহ করে ওয়ার্ল্ড কংগ্রেস কর্মসূচী বিভাগ বা আবেদনপত্রের ফর্মটি দেখুন), তবে এটি অংশগ্রহণকারীদের কাছে অনুরোধ করা হচ্ছে না। আমরা আশা করি যারা আসছেন তারা বিভিন্ন কথোপকথন এবং ক্রিয়াকলাপে জড়িত হওয়ার জন্য উপলব্ধ থাকবেন, তবে আমরা এও জানি যে আমাদের সকলেরই জড়িত হওয়ার এবং অংশগ্রহণের বিভিন্ন উপায় রয়েছে। আমরা আশা করি যে ওয়ার্ল্ড কংগ্রেস এমন একটি স্থান হবে যেখানে প্রত্যেকে তেমনভাবে জড়িত হতে পারবেন যেভাবে তাদের কাছে খাঁটি এবং সঠিক বলে মনে হয়।

**ওয়ার্ল্ড কংগ্রেসে আবেদন করার জন্য কি আমাকে সারভাইভার অ্যালায়েন্সের সদস্য হতে হবে?**

হ্যাঁ, ব্যক্তিগত ভাবে উপস্থিত থাকার মতো ইভেন্টের জন্য, আমরা কেবল আমাদের সদস্যদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্রগুলির কথা বিবেচনা করছি। অ-সদস্যদের কিছু অনলাইন কর্মসূচীর কার্যক্রমে আমন্ত্রণ করা হবে।

**আমি নাইরোবিতে থাকি, আমাকে কি তবুও ওয়ার্ল্ড কংগ্রেসে অংশগ্রহণের জন্য আবেদন করতে হবে?**

হ্যাঁ, আপনাকে তবুও আবেদন করতে হবে। যদিও আমরা জানি যে আপনি কাছাকাছি থাকবেন এবং আমরা ইভেন্টে আপনাদের সকলকে পেতে চাই, আমাদের পক্ষে এটি গুরুত্বপূর্ণ যে আমরা যেন ঘরে আমাদের সদস্যদের বিশ্বব্যাপী প্রতিনিধিত্ব বজায় রাখি। যারা নির্বাচিত হবেন তারা তাদের পছন্দ হলে অন্যান্য আন্তর্জাতিক সদস্যদের মতো হোটেলে থাকতে পারবেন।

## III. কেনিয়া দেশে যাত্রা করা

**যাত্রা নিয়ে আমি একটু নিরাপত্তাহীনতায় ভুগি। আমাকে সহায়তা করার জন্য কি কোনও প্রক্রিয়া থাকবে?**

আমরা জানি আন্তর্জাতিক যাত্রা সবসময় সহজ নয়, এবং আমরা এই অভিজ্ঞতায় আপনাকে আরও ভালোভাবে সহায়তা করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করব। আমরা এটি মাথায় রেখে আমাদের লজিস্টিক প্রক্রিয়াটি তৈরি করছি এবং আপনার প্রয়োজনীয় সমস্ত তথ্য আমরা আপনার সাথে শেয়ার করব। আমরা তথ্য-পত্র, লজিস্টিক ইনফরমেশন সেশনগুলি বিকশিত করব এবং আপনি যদি মনে করেন যে আপনার প্রয়োজন হলে আমরা এককভাবে আলোচনার জন্য উপলব্ধ থাকব। আমরা একই অবস্থান থেকে যাত্রা করা সারভাইভার লিডারদের মধ্যে একটি যাত্রা-বন্ধু ব্যবস্থা সমন্বিত করার পরিকল্পনাও করব, যাতে আপনারা একে অপরকে সহায়তা করতে পারেন।

**আমাকে চয়ন করা হলে আমার ফ্লাইটের টিকিট কীভাবে পাব?**

আমরা আপনার জন্য টিকিট কিনে দেব। আমরা যতটা সম্ভব চেষ্টা করব এমন পরামর্শ দিতে, যা সবার কাজে লাগে। ফ্লাইটটি নিশ্চিত করার আগে আপনি ভালকরে দেখে নেওয়ার এবং অনুপালনের জন্য আমরা আপনাকে একটি প্রস্তাবিত যাত্রাপথের পরামর্শ পাঠাব। এর আগে, আমরা আপনাকে পূরণ করার জন্য একটি ফর্ম পাঠাব যাতে আপনি আপনার পছন্দগুলি, কাছাকাছি বিমানবন্দর ইত্যাদি তথ্য জানাতে পারেন। আমরা আমাদের বাজেটের সীমাবদ্ধতার ভারসাম্য বজায় রেখে আপনার পছন্দ অনুসারে ব্যবস্থা করতে যথাসাধ্য চেষ্টা করব।

## আমার পাসপোর্টের ব্যবস্থা করা কি সারভাইভার অ্যালায়েন্সের দায়িত্বের মধ্যে পড়ে?

না, পাসপোর্টের ব্যবস্থা করা আপনার দায়িত্ব, **যার মধ্যে রয়েছে** আপনার স্থানীয় প্রশাসনের কাছে আবেদন করা, আপনার ব্যক্তিগত নথিপত্র সংগ্রহ করা, এবং সংশ্লিষ্ট যেকোনও খরচ বহন করা। অবশ্য, আমরা ওয়ার্ল্ড কংগ্রেস বিষয়ে এবং আপনার আমন্ত্রণ সম্পর্কিত চিঠি সরবরাহ করে সহায়তা করার জন্য উপলব্ধ আছি, যদি সেগুলির প্রয়োজন হয়।

## কেনিয়া দেশে যাত্রা করার জন্য আমাকে কি ভিসার জন্য আবেদন করতে হবে?

কেনিয়া দেশে প্রবেশের জন্য ভিসার প্রয়োজন হয় না, তবে কেনিয়া প্রজাতন্ত্রে যাত্রা করতে ইচ্ছুক শিশু এবং বাচ্চা সহ সমস্ত যাত্রীদের তাদের যাত্রা শুরু করার আগে একটি অনুমোদিত ইলেকট্রনিক ট্রাভেল অথরাইজেশন (eTA) থাকতে হবে। সারভাইভার অ্যালায়েন্স আপনার অনুরোধটি পূরণ করার এবং eTA ফি প্রদানের দায়িত্ব নেবে। আরও তথ্য এখানে পাবেন।

## আমরা কোথায় থাকব?

যেখানে ওয়ার্ল্ড কংগ্রেস অনুষ্ঠিত হবে, আমরা সেই হোটেলেই সমস্ত অংশগ্রহণকারীদের জন্য রুম বুকিং করছি। আমরা খুব তাড়াতাড়ি হোটেল সম্পর্কে আরও তথ্য শেয়ার করব।

## আমাকে কি রুম শেয়ার করতে হবে?

অংশগ্রহণকারীদের বেশিরভাগই আর একজন সারভাইভার লিডারের সাথে একটি রুম শেয়ার করে নেবেন। চয়ন প্রক্রিয়ার পরে, আপনাকে জিজ্ঞাসা করা হবে যে আপনি কি কোনও নির্দিষ্ট অংশগ্রহণকারীর সাথে রুম শেয়ার করতে চাইবেন, তাহলে আমরা আপনার অনুরোধ অনুযায়ী ব্যবস্থা করার জন্য যথাসাধ্য চেষ্টা করব। যাদের বিশেষ আবাসন প্রয়োজন তাদের জন্য আমাদের অল্প পরিমাণে একক রুমও থাকবে। একক রুমের অনুরোধ করার প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য নির্বাচিত অংশগ্রহণকারীদের সাথে শেয়ার করা হবে।

**ওয়ার্ল্ড কংগ্রেসের পর আমি কেনিয়ায় আরও বেশি দিন থাকতে চাই, সেটা কি সম্ভব?**

হ্যাঁ, আপনি সেটা করতে পারেন! কিন্তু তার সাথে সংশ্লিষ্ট কোনও খরচ সমন্বয় বা অর্থায়নের জন্য সারভাইভার অ্যালায়েন্স দায়বদ্ধ থাকবে না। নির্বাচিত অংশগ্রহণকারীদের পাঠানো লজিস্টিক ফর্মটি পূরণ করার সময় আপনাকে আপনার যাত্রার দিনগুলির তথ্য শেয়ার করতে হবে। আপনি যদি যাত্রার দিন পরিবর্তন করার সিদ্ধান্ত নেন তাহলে, হয়ে থাকা কোনও অতিরিক্ত খরচের জন্যও আপনি দায়বদ্ধ থাকবেন।

## IV. সুস্থতা, অ্যাক্সেসযোগ্যতা, স্বাস্থ্য এবং নিরাপত্তা

**আমি একজন প্রতিবন্ধী ব্যক্তি এবং আমার যাত্রা ও অংশগ্রহণের জন্য কিছু বিশেষ ব্যবস্থার প্রয়োজন হবে। আমার কী করা উচিত হবে?**

আপনি যদি ওয়ার্ল্ড কংগ্রেসে নির্বাচিত অংশগ্রহণকারী হন তাহলে আপনার, এবং যদি আপনার যাত্রার সময় কাউকে সাথে যাওয়ার প্রয়োজন হয় তার, যাত্রা এবং অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থা করতে আমরা সরাসরি আপনার সাথে যোগাযোগ করব। যদিও আমাদের বাজেট সীমিত, আমরা সমস্ত অংশগ্রহণকারী যেন ইভেন্টে পুরোপুরি জড়িত থাকতে পারেন তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ,

**ওয়ার্ল্ড কংগ্রেসে কি কোনও অ্যাক্সেসিবিলিটি ব্যবস্থা থাকবে?**

যতটা সম্ভব মানুষ আমাদের ইভেন্টে যেন যতটা সম্ভব সম্পূর্ণরূপে জড়িত থাকতে পারেন তা নিশ্চিত করার জন্য আমরা বিভিন্ন উপায়ে অ্যাক্সেসযোগ্যতাকে কার্যকর ও অবলম্বন করি। তার মানে হল একাধিক ভাষায় অনুবাদের ব্যবস্থা করা, বিভিন্ন ক্রিয়াকলাপ এবং অবদান রাখার উপায়গুলি সরবরাহ করা, যাদের যাত্রার অভিজ্ঞতা কম তাদের সহায়তা করার জন্য লজিস্টিকগুলি সংগঠিত করা, সেশনগুলির মাঝে একটু আরাম নেওয়ার সুযোগ দেওয়া, যারা যাত্রা করতে পারেন না তাদের জন্য একটি অনলাইন কর্মসূচীর আয়োজন করা এবং এমন একটি হোটেল চয়ন করা যেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অ্যাক্সেসযোগ্য আবাসন রয়েছে। আমরা অংশগ্রহণকারীদের কাছে থেকে কোনও অ্যাক্সেসযোগ্যতার পদক্ষেপগুলি গুরুত্বপূর্ণ তা শুনতেও প্রতিশ্রুতিবদ্ধ। যদিও আমাদের বাজেট এবং ক্ষমতা দুঃখজনকভাবে সীমিত, আমরা এই প্রয়োজনগুলির মধ্যে সামঞ্জস্য বিধানের জন্য যথাসাধ্য চেষ্টা করব।

## ওয়ার্ল্ড কংগ্রেসের সময় কি কোনও মানসিক স্বাস্থ্য সহায়তা থাকবে?

হ্যাঁ, সম্মেলনের দিনগুলিতে আমাদের পেশাদার মানসিক স্বাস্থ্য পেশাজীবীরা উপস্থিত থাকবেন।

## আমাকে কি সমস্ত বিভাগের/কর্মসূচীগুলিতে বসে থাকতে/উপস্থিত থাকতে হবে?

না, সমস্ত অংশগ্রহণকারী প্রাপ্তবয়স্ক এবং আপনি সেশনগুলিতে উপস্থিত থাকতে চান কিনা তা আপনি সিদ্ধান্ত নিতে পারেন। অনুষ্ঠানের বিভিন্ন সেশনে অংশগ্রহণকারীরা উপস্থিত থাকবেন বলে আশা করে আমরা ইভেন্টটি আয়োজন করছি। অনেক সারভাইভার কেনিয়ায় আসতে চাইবেন তবে মাত্র 100 জনকে চয়ন করা হবে। সুতরাং, আমরা আশা করি যে যারা নির্বাচিত হয়েছেন তারা কংগ্রেসটি কী এজেন্ডা প্রস্তাব করবে তা জানতে এবং শেয়ার করে নেওয়ার সুযোগটি গ্রহণ করছেন।

## কেনিয়া দেশে যাত্রা করার জন্য আমাকে কি কোনও টিকা নিতে হবে?

ইয়েলো ফিভার (পিত জ্বর) টিকা নেওয়া বাঞ্ছনীয় তবে বেশিরভাগ দেশের ক্ষেত্রে কেনিয়া যাত্রার জন্য তা বাধ্যতামূলক নয়। কেবল সেই যাত্রীরা যাদের দেশে ইয়েলো ফিভার একটি মহামারী তাদের ইয়েলো ফিভারের একটি বৈধ সার্টিফিকেট উপস্থাপন করতে হবে। সারভাইভার অ্যালায়েন্স সেই

অংশগ্রহণকারীদের জন্য কিছু আর্থিক সহায়তা প্রদান করবে যাদের ইয়েলো ফিভারের টিকা প্রয়োজন।

আপনার দেশ সম্পর্কে জানতে [এই লিংক]-এ থাকা "WHO দ্বারা নির্ধারিত দেশ যা ইয়েলো ফিভার সংক্রমণের ঝুঁকিতে রয়েছে" কলামটি দেখুন।

## আমি কি আমার সন্তানদের নিয়ে ওয়ার্ল্ড কংগ্রেসে যেতে পারবো?

হ্যাঁ, আপনি পারেন, তবে অনুগ্রহ করে জেনে রাখুন যে আমরা কংগ্রেসের সময় কোনও শিশু পরিচর্যার পরিষেবা সরবরাহ করতে সক্ষম নই। আপনি আপনার সন্তানের এবং/অথবা পার্টনারের খরচের জন্যও দায়বদ্ধ থাকবেন (যেমন: ফ্লাইট, ইলেকট্রনিক ট্রাভেল অথরাইজেশন (eTA) ইত্যাদি) হোটেলটিতে, 5 বছরের কম বয়সী বাচ্চাদের থাকা-খাওয়ার জন্য কোনও পরিপূরক খরচ দিতে হবে না। আপনি যদি ওয়ার্ল্ড কংগ্রেসের জন্য নির্বাচিত হন, তাহলে আপনার যাত্রার ব্যবস্থাপনায় আমাদের সহায়তা করার জন্য আপনাকে একটি ফর্ম পূরণ করতে বলা হলে এই তথ্যটি শেয়ার করা আপনার পক্ষে গুরুত্বপূর্ণ হবে।

## আমি কি আমার পার্টনারের সাথে ওয়ার্ল্ড কংগ্রেসে আসতে পারি?

হ্যাঁ, পারেন তবে আপনাকে অতিরিক্ত আবাসন এবং খাবারের যেকোনও খরচ মেটাতে হবে। আপনি ফ্লাইটের টিকিট, ইলেকট্রনিক ট্রাভেল অথরাইজেশন (eTA) এবং যাত্রা সম্পর্কিত অন্যান্য খরচ মেটানোর জন্যও দায়বদ্ধ থাকবেন। আপনাকে যদি ওয়ার্ল্ড কংগ্রেসের জন্য চয়ন করা তাহলে আপনার যাত্রার ব্যবস্থার জন্য একটি পরিপূরক ফর্ম পূরণ করতে বলা হলে এই তথ্যটি শেয়ার করে নেওয়া আপনার পক্ষে গুরুত্বপূর্ণ হবে।

## নাইরোবিতে কনফারেন্স চলাকালীন আপনারা কীভাবে অংশগ্রহণকারীদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করবেন?

সমস্ত অংশগ্রহণকারীদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা হল আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। আমরা একটি সমন্বিত সুরক্ষা ও নিরাপত্তা পরিকল্পনা বিকাশের জন্য স্থানীয় স্টেকহোল্ডার এবং পরিকল্পনা সমিতির সাথে সহযোগিতা করব। কেনিয়ার প্রাণবন্ত রাজধানী শহর নাইরোবি একটি সমৃদ্ধ সাংস্কৃতিক অভিজ্ঞতা প্রদান করে এবং যেকোনও বড়ো শহরের মতো, সতর্কতা অবলম্বন করা

গুরুত্বপূর্ণ। আমরা খুব তাড়াতাড়ি নির্বাচিত অংশগ্রহণকারীদের সাথে আরও তথ্য ও সুপারিশ শেয়ার করব।

## V. ওয়ার্ল্ড কংগ্রেস কর্মসূচী

### কর্মসূচীটি কেমন হবে?

আমরা এখনও কর্মসূচীটি নিয়ে আলোচনা করছি এবং এটি উপলব্ধ হওয়ার সাথে সাথে আমরা এটি আপনাদের কাছে পাঠাতে পারব। প্লেনারি এবং মূল বক্তা থেকে শুরু করে অংশগ্রহণমূলক কর্মশালা, সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ এবং আকর্ষণীয় কথোপকথন এবং যৌথ নাচ এবং উপভোগ করার সময় পর্যন্ত ক্রিয়াকলাপের বিভিন্ন মিশ্রণ থাকবে।

আপনি সারভাইভার লিডারশিপ ও তাদের সাথে সংশ্লিষ্টতা, আন্দোলন গঠন, মানসিক স্বাস্থ্য ও নিরাময়, পক্ষসমর্থন, সারভাইভার লিডারশিপের জন্য কর্মসংস্থানের পথ এবং সক্ষমতা তৈরির জন্য আরও অনেক বিষয় এবং একটি বিশ্বব্যাপী ও আন্তঃবিভাগীয় সারভাইভার লিডারদের আন্দোলন সহ-সৃজনের জন্য আমাদের সম্মিলিত সামর্থ্য গঠনের জন্য বিভিন্ন ক্রিয়াকলাপ পাবেন।

চূড়ান্ত কর্মসূচীটি 2024 সালের জুন মাসে শেয়ার করা হবে।

### আমি ওয়ার্ল্ড কংগ্রেসের সময় একটি উপস্থাপনা বা একটি কর্মশালার সুবিধার্থে পরামর্শ দিতে চাই, তা কি সম্ভব?

হ্যাঁ, আমরা আপনার মতামত শুনতে চাই! আবেদনটিতে, আপনি এমন একটি বিভাগ পাবেন যেখানে আপনি আপনার সেশন বিষয়ক ধারণাটি প্রস্তাব করতে পারেন.. আপনি এমন বিভিন্ন ধরনের ক্রিয়াকলাপ বা বিষয় প্রস্তাব করতে পারেন যা আপনি উপস্থাপন করতে আগ্রহী। ক্রিয়াকলাপগুলি কেবল সারভাইভার লিডারশিপের জন্য, সারভাইভার ও জোটসঙ্গীদের জন্য বা কেবল জোটসঙ্গীদের জন্য পরিচালিত হতে পারে। জেনে রাখুন যে সময় সীমাবদ্ধতার কারণে, আমরা প্রতিটি প্রস্তাবিত কার্যকলাপ অন্তর্ভুক্ত করার নিশ্চয়তা দেব না।

### আমি যদি ওয়ার্ল্ড কংগ্রেসে যেতে না পারি, তাহলে কি আমি অনলাইনে অংশগ্রহণ করতে পারি?

হ্যাঁ! আমরা একটি অনলাইন কর্মসূচী তৈরি করব, যেখানে আপনি প্লেনারি সেশনগুলি শুনতে সক্ষম হবেন এবং আপনি অনলাইনে আকর্ষণীয় কর্মশালায় অংশগ্রহণ করতে সক্ষম হবেন। আমরা বছরের শেষের দিকে এই অনলাইন ক্রিয়াকলাপগুলির জন্য একটি পরিপূরক নিবন্ধন প্রক্রিয়ার সূচনা করব।

## VI. জোটসঙ্গীদের সাথে জড়িত হওয়া

### জোটসঙ্গীরা (যাদের পাচার বিরোধী সেক্টরে কাজ করার ব্যক্তিগত অভিজ্ঞতা *নেই*) কি ওয়ার্ল্ড কংগ্রেসে যোগ দিচ্ছেন?

হ্যাঁ। জোটসঙ্গীদের জন্য একটি অনন্য কর্মসূচী আছে। জোটসঙ্গীদের আমন্ত্রণের জন্য তালিকাটি সারভাইভার অ্যালায়েন্স এবং GFEMS তৈরি করেছিল। এর অর্থ হল জোটসঙ্গীরা এর আগে কোনওভাবে সারভাইভাল অ্যালায়েন্স বা GFEMS এর সাথে জড়িত ছিল। এর অর্থ এই নয় যে কীভাবে সারভাইভার লিডারদের সাথে যোগাযোগ করতে হবে সে সম্পর্কে তারা পুরোপুরি শিক্ষিত থাকবে এবং আমাদের দিক থেকে তাদের প্রতি কিছু অনুগ্রহ করতে হবে।

ওয়ার্ল্ড কংগ্রেস চলাকালীন সারভাইভার এবং জোটসঙ্গীদের জন্য পৃথক অনুষ্ঠান রয়েছে এবং সম্মিলিত অনুষ্ঠানও রয়েছে। এগুলো কর্মসূচিতে স্পষ্টভাবে চিহ্নিত করা হবে।

### জোটসঙ্গীদের কেন আমন্ত্রণ জানানো হয়?

যখন সারভাইভার অ্যালায়েন্স শুরু হয়েছিল, আমরা বুঝতে পেরেছিলাম যে বেশিরভাগ পাচার-বিরোধী প্রতিষ্ঠানগুলির পরিচালক ও কর্মীরা হলেন ব্যক্তিগত অভিজ্ঞতা না থাকা ব্যক্তি এবং সারভাইভার লিডারশিপকে সক্ষম করার কাজের অংশ হিসাবে সেই জোটসঙ্গীদের অনুশীলন পরিবর্তন করতে হবে এবং তাদের সংহতিমূলক কাজে থাকতে হবে। তাই, জোটসঙ্গীদের অন্তর্ভুক্ত করা ওয়ার্ল্ড কংগ্রেসের একটি গুরুত্বপূর্ণ অংশ। এছাড়াও, সারভাইভার অ্যালায়েন্সের পাচার বিরোধী প্রতিষ্ঠানগুলির সাথে সম্পর্ক রাখার ক্ষেত্রে একটি অনন্য অবস্থান রয়েছে এবং আমরা সারভাইভার নেতা এবং জোটসঙ্গীদের মধ্যে সেতুবন্ধন তৈরি করতে আমাদের অবস্থানগত শক্তি ব্যবহার করতে পারি।

প্রতিশ্রুতিবদ্ধ জোটসঙ্গীরাও প্রথম থেকেই সারভাইভার অ্যালায়েন্সে আমাদের কাজের জন্য গুরুত্বপূর্ণ ছিল এবং আমরা বিশ্বাস করি যে আমাদের কাজ এগিয়ে যাওয়ার জন্য জোটসঙ্গীরা গুরুত্বপূর্ণ। ঐতিহাসিকভাবে সারভাইভার ব্যক্তিদের

বাদ দিয়ে চলা সিস্টেমগুলিকে পরিবর্তন করতে সহায়তা করার ক্ষেত্রে জোটসঙ্গীরা হল মূল সহায়ক। সারভাইভার অ্যালায়েন্স বিশ্বাস করে যে অতীতে সারভাইভার ব্যক্তিদের বাদ দিয়ে চলার অন্যতম কারণ ছিল বিশ্বজুড়ে বিভিন্ন সারভাইভার লিডারদের সাথে জড়িত হওয়ার ব্যাপারে জোটসঙ্গীদের সুযোগের অভাব। ওয়ার্ল্ড কংগ্রেস সম্পর্ক গড়ে তোলার এবং সারভাইভার লিডারদের সুপারিশ এবং বিশেষজ্ঞতার কথা শোনা নিশ্চিত করার জন্য এই সুযোগটি তৈরি করে।

এছাড়াও অনেক জোটসঙ্গী রয়েছে যারা দীর্ঘদিন ধরে এই সেক্টরে রয়েছে এবং আমাদের সাথে শেয়ার করে নেওয়ার তাদের জন্য প্রচুর বিশেষজ্ঞতা রয়েছে। আমরা মনে করি না যে কাজটি *হয়* সারভাইভার *বা* জোটসঙ্গীদের মধ্যে একটিকে বেছে নেবার মতো বিষয়। এটি আমাদের মধ্যে পারস্পরিক সহযোগিতার করার মতো বিষয়। এই সেক্টরে কাজ করার মতো প্রচুর কাজ আছে এবং আমাদের সকলকে জড়িত করে নিয়ে চলা দরকার।

আমাদের পক্ষে এই মান্যতা দেওয়াও গুরুত্বপূর্ণ যে কিছু সারভাইভার লিডাররা সারভাইভার হিসাবে নিজেদের "প্রকাশ্যে" জানতে দিতে স্বাচ্ছন্দ্য বোধ করেন না এবং এই সেক্টরে নিজেদের জোটসঙ্গী হিসাবে পরিচয় দেন।

## ওয়ার্ল্ড কংগ্রেসে কোন ধরনের জোটসঙ্গীরা আসছে? সেখানে কি সরকার, ইমিগ্রেশন বা পুলিশ অফিসাররা থাকবেন?

অলাভজনক এবং দাতব্য সংস্থার কর্মচারী, অর্থায়নকারী সংস্থা, জনদরদী ব্যক্তি, পাচার বিরোধী কর্মসূচী থাকা ব্যবসায়িক প্রতিষ্ঠান, গবেষণাকারী, এমন সংস্থাগুলি যারা সারভাইভার লিডার গ্রুপগুলিকে সহায়তা করে।

ইমিগ্রেশন আইন বলবৎকরণ অফিসাররা **থাকবেন না**। কিছু জোটসঙ্গী আগে এই সংস্থাগুলির জন্য কাজ করে থাকতে পারেন বা তাদের সাথে সংযোগ থেকে থাকতে পারে তবে বর্তমানে তারা সেই সংস্থাগুলিতে নেই। কিছু সরকারী অফিসার থাকতে পারেন, বিশেষত কেনিয়া সরকার এবং যুক্তরাজ্য থেকে।

## কনফারেন্সের পুরোটা সময় কি আমরা একসঙ্গে থাকব?

না। যদিও আমরা আমাদের কর্মসূচীতে পরিবর্তনের প্রত্যাশা করছি, আমরা 1.5 দিনের জন্য শুধুমাত্র সারভাইভারদের জন্য কর্মসূচী নির্মাণ এবং দুই দিনের জন্য মিশ্র কর্মসূচীর পরিকল্পনা করছি। আপনাদের মধ্যে কেউ কেউ জোটসঙ্গীদের কাছে কিছু উপস্থাপন করার জন্য সারভাইভারদের থেকে দূরে সরে যেতে চাইতে

পারেন। আপনি জোটসঙ্গীদের কাছে কোনও কিছু উপস্থাপন করতে চান কিনা তা নির্দেশ করার জন্য আবেদনপত্রের ফর্মটিতে একটি সুযোগ রাখা হয়েছে। 1 অক্টোবর রাতে একটি সম্মিলিত সংবর্ধনা এবং পুরো ইভেন্ট জুড়ে একসাথে খাবার খাওয়ার ব্যবস্থা আছে।

## আমাকে কি জোটসঙ্গীদের সাথে জড়িত হতে হবে?

হ্যাঁ। শুধুমাত্র সারভাইভারদের ক্ষেত্রগুলি গুরুত্বপূর্ণ এবং তবুও এই কর্মসূচীটিতে জোটসঙ্গীরা অন্তর্ভুক্ত থাকবেন। এমনকি শুধুমাত্র সারভাইভারদের সমাবেশে, কিছু সারভাইভার অ্যালায়েন্সের কর্মী এবং/অথবা বোর্ড সদস্য থাকবেন যাদের মানব পাচারের ব্যক্তিগত অভিজ্ঞতা নেই।

ওয়ার্ল্ড কংগ্রেসের জন্য আমাদের আশার একটি অংশ হল আমরা সবাই একে অপরকে পুনরায় মানবিক করে তুলি। জোটসঙ্গীরা হয়তো সারভাইভার হতে পারেন যারা প্রকাশ্যে সনাক্ত করেনি বা অন্যান্য ট্রমা থেকে সারভাইভ করেছেন। আমরা সকলেই মানুষ এবং আমাদের মানুষের মধ্যে আস্থা বিকাশিত করার অনুশীলন করা দরকার, তারা পরস্পর সহকর্মী সারভাইভার লিডার বা জোটসঙ্গী যেই হোন না কেন।

## জোটসঙ্গীরা কি প্রশিক্ষণ নেবেন?

হ্যাঁ। কিছু জোটসঙ্গী ওয়ার্ল্ড কংগ্রেসের আগে প্রশিক্ষণ পেয়েছেন, কারণ তারা আমাদের কর্মসূচীতে অংশগ্রহণ করেছেন। অন্যরা কনফারেন্সের প্রথম দিনে সারভাইভারদের ক্ষমতায়নের মৌলিক বিষয়গুলি সম্পর্কে এই অধ্যয়ন করার এবং শিক্ষা পাওয়ার সুযোগ পাবেন। সারভাইভার অ্যালায়েন্স জোটসঙ্গীদের জন্য প্রাক-কনফারেন্স অনুষ্ঠানগুলি হোস্ট করার বিষয়টিও বিবেচনা করছে যাতে তারা সহানুভূতিশীল এবং ক্ষমতায়নের দৃষ্টিকোণ থেকে নিজেদের জড়িত করার জন্য প্রস্তুত বোধ করতে পারেন।

এই সম্পর্কে আপনার কোনও অতিরিক্ত প্রশ্ন আছে যা এখানে লেখা হয়নি? তাহলে worldcongress@survivoralliance.org এ লিখে জানান।